## জুলাই ২০২৪ মাসে অনুষ্ঠিত বিরামপুর উপজেলা পরিষদ সাধারণ সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ মোঃ পারভেজ কবীর
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বিরামপুর, দিনাজপুর।

তারিখ ঃ ৩০.০৭.২০২৪খ্রি.

সময় ঃ দুপুর ১১.৩০ ঘটিকা।

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যগণের তালিকাঃ পরিশিষ্ট 'ক' ও 'খ'

সভাপতি জনাব মোঃ পারভেজ কবীর চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর আজকের সভায় উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানিয়ে উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর, দিনাজপুরকে সভার কার্যক্রম শুরু করার জন্য অনুরোধ করেন।

উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর, দিনাজপুর সভার শুরুতেই উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

**আলোচ্যসূচিঃ ০১ গত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদনঃ**

জুন ২০২৪ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হয় এবং কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় জুন ২০২৪ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর সাথে সদস্যগণ একমত পোষন করেন।

**সিদ্ধান্তঃ ০১** বিস্তারিত আলোচনান্তে এপ্রিল ২০২৪ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

**আলোচ্যসূচিঃ ০২ উপজেলা পরিষদের সুপারিশকৃত আলোচনাঃ**

আলোচ্য সময়ে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সুপারিশ পাওয়া গেছে। উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সদস্য সচিবগণকে নিয়মিত সভা করে সভার কার্যবিবরণী সুপারিশসহ সভাপতি বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হয়।

**সিদ্ধান্তঃ০২** বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সদস্য সচিবগণকে নিয়মিত সভা করে সভার কার্যবিবরণী নিজ নিজ দপ্তরের ওয়েব পোর্টালে আপলোড করে সুপারিশসহ সভাপতি বরাবর প্রেরণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

**আলোচ্য সূচিঃ ০৩** **সরকারি পরিপত্র নিয়ে আলোচনাঃ**

আলোচ্য সময়ে সরকারি কোন পরিপত্র পাওয়া যায়নি।

**সিদ্ধান্তঃ ০৩** সরকারি কোন পরিপত্র পাওয়া গেলে যথাসময়ে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্যসূচিঃ ০৪** **মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১-দিনাজপুর-৬ কর্তৃক প্রেরিত সুপারিশ সম্পর্কিত আলোচনাঃ**

আলোচ্য সময়ে মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১-দিনাজপুর-৬ কর্তৃক কোন সুপারিশ পাওয়া যায়নি।

**সিদ্ধান্তঃ ০৪** মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১-দিনাজপুর-৬ কর্তৃক কোন সুপারিশ ও নির্দেশনা পাওয়া গেলে যথাসময়ে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বিরামপুর, দিনাজপুর
birampur.dinajpur.gov.bd

স্মারক নং-০৫.৫৫.২৭১০.০০০.০৮.০৪৮.২৩.৬৪৪/১(৪৮) তারিখঃ ০১.০৮.২০২৪ খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো **(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-**

০১. মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১ দিনাজপুর-৬।
০২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
০৪ জেলা প্রশাসক, দিনাজপুর।
০৫. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।
০৬. মেয়র, বিরামপুর পৌরসভা, বিরামপুর, দিনাজপুর।
০৭. জনাব ..........................................................................................সদস্য/সদস্যা, জেলা পরিষদ, দিনাজপুর।
০৮. ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।
০৯. উপজেলা...........................................................................অফিসার, বিরামপুর, দিনাজপুর।
১০. চেয়ারম্যান, .............................................................., ইউনিয়ন পরিষদ (সকল), বিরামপুর, দিনাজপুর।
১১. জনাব ................................................................ মহিলা সদস্য, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।

০১/০৮/২৪

নুজহাত তাসনীম আওন
উপজেলা নির্বাহী অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা পরিষদ
বিরামপুর, দিনাজপুর।
মোবাইল নম্বরঃ ০১৭৬১-৪৯৩৫৩৩ (অফিস)
e-mail : unobirampur@mopa.gov.bd

সভাপতি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরের উপজেলা স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী, হাজিরা ও নোটিশের ফটোকপি দ্রুত দাখিল করার জন্য সংশ্লিষ্ট সদস্য-সচিবকে অনুরোধ করেন। ২০২৪-২০২৫ অর্থ বছরের নতুন কমিটি খুব শীঘ্রই দেয়া হবে। তিনি নিয়মিত উপজেলা স্থায়ী কমিটির সভার করা জন্য অনুরোধ জানান।

তিনি জাতীয় শোক দিবস ২০২৪ যথাযথভাবে উদযাপনের জন্য অনুরোধ জানান। বিশেষ ক্ষেত্র ব্যতিত প্রতিনিধি না পাঠিয়ে দপ্তর প্রধান হিসেবে এ শোক সভায় উপস্থিত থাকার জন্য তিনি অনরোধ করেন। উপজেলা পরিষদের অভ্যন্তরে নির্মিত মডেল মসজিদটি দ্রুত হস্তান্তরের উদ্যোগ গ্রহণ করবেন মর্মে সভায় উল্লেখ করেন।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি ও নবনির্বাচিত চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর আবারও সকলের সহযোগিতা কামনা করে উপস্থিত সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

৩০/০৭/২৪

মোঃ পারভেজ কবীর
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভা
বিরামপুর, দিনাজপুর।

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ৪৭<br>বিবিধ | উপজেলা প্রকৌশলী, বিরামপুর বলেন যে, গেজেটেড কোয়ার্টার যমুনা (উপরতলা পশ্চিম) রংকরণসহ মেরামত/সংস্কার করা প্রয়োজন। তিনি কোয়ার্টারটির সংস্কার/মেরামত করার জন্য নিম্নবর্ণিত প্রকল্প অনুমোদন ও প্রকল্প কমিটি অনুমোদনের প্রস্তাব করেন।<br>**১. প্রকল্পের নামঃ গেজেটেড কোয়ার্টার যমুনা (উপরতলা পশ্চিম) রংকরণসহ মেরামত/সংস্কার প্রকল্প।**<br>**এতে সম্ভাব্য ব্যয় হবে =২,০০,০০০/- টাকা।**<br>**প্রকল্প কমিটিঃ**<br>১. মোঃ মোজাম্মেল হক,সদস্য,পলিপ্রয়াগপুর ইউপি-প্রকল্প সভাপতি<br>২. মোঃ মইনুল হক, সদস্য, কাটলা ইউপি- প্রকল্প সেক্রেটারি<br>৩. মোঃ দেলোয়ার হোসেন, সদস্য, কাটলা ইউপি- সদস্য<br>৪. মোঃ রায়হান কবীর, সদস্য, খানপুর ইউপি- সদস্য<br>৫. মোছাঃ ফেন্সিয়ারা বেগম , সদস্যা, দিওড় ইউপি- সদস্য<br>সংস্কার/মেরামত কাজগুলো দ্রুত বাস্তবায়ন করার লক্ষ্যে প্রস্তাবিতপ্রকল্প ও প্রকল্প কমিটি অনুমোদনের জন্য তিনি প্রস্তাব করেন। | ১. উপজেলা প্রকৌশলী,বিরামপুর কর্তৃক উপস্থাপিত প্রস্তাবটি সভায় অনুমোদিত হয় এবং প্রস্তাবিত PIC এর মাধ্যমে দ্রুত বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, বিরামপুরকে অনুরোধ করা হয়। | ১. উপজেলা প্রকৌশলী বিরামপুর, দিনাজপুর। |
| | ২. উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর সভায় জানান যে, সারাদেশে ডেঙ্গুর প্রাদুর্ভাব বৃদ্ধি পাওয়ায়, বৃষ্টির কারণে প্রচুর আগাছা জন্মানোর ফলে সাপ ও পোকামাকড়ের উপদ্রব বৃদ্ধি পেয়েছে। সে কারণে উপজেলা পরিষদের অভ্যন্তরের আগাছা পরিস্কার-পরিচ্ছন্ন করার প্রয়োজনীয়তা দেখা দেয়ায় তা জরুরীভিত্তিতে পরিস্কার করা হয়। এতে ব্যয় হয়েছে ৬০,০০০/- (ষাটহাজার) টাকা। তিনি উক্ত ব্যয় অনুমোদনের জন্য সভায় প্রস্তাব করেন। | ২. উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩(ভ) বর্জ্য ব্যবস্থাপনা/পরিস্কার পরিচ্ছন্নতা খাত হতে ব্যয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। | ২. উপজেলা প্রকৌশলী বিরামপুর, দিনাজপুর। |

৪৭. উপজেলা পরিষদের নিম্নোক্ত ব্যয়গুলো অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।

**জুন/২০২৪ মাসের ব্যয়**

| ক্রমিক | ব্যয়ের বিবরণ | টাকার পরিমান |
|---|---|---|
| ০১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদের ৪-৩০ জুন ২০২৪ মাসের ২৭ দিনের সম্মানী ভাতা, বাসা ভাড়া। | =৪০,৫০০/- |
| ০২ | ভাইস-চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদের জুন ২০২৪ মাসের এবং ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদের ৪-৩০ জুন ২০২৪ মাসের ২৭ দিনের সম্মানী ভাতা প্রদান। (২৭,০০০+২৪,৩০০=৫১,৩০০/-) | =৫১,৩০০/- |
| ০৩ | উপজেলা পরিষদের ১ জন মালি ও ১ জন পরিচ্ছন্নতাকর্মীর জুন/২০২৪ মাসের ২৭দিনের দৈনিক মজুরী ৫৫০/-টাকা হারে মজুরী প্রদান=(১৪,৮৫০+১৪,৮৫০=২৯,৭০০/-) | =২৯,৭০০/- |
| ০৪ | জুন/২০২৪ আপ্যায়ন ব্যয় (ভ্যাট ও আয়করসহ) | =৩০,০০০/- |
| ০৫ | জুন/২০২৪আনুষঙ্গিক ব্যয় (ভ্যাট ও আয়করসহ) | =৫,০০০/- |
| ০৬ | মে ও জুন/২০২৪ মাসের বিদ্যুৎ বিল প্রদান<br>(মে/২০২৪ মাসের বিল=৫৯৮০২/- এবং জুন/২৪ মাসের বিল=৮১৭০১/-সর্বমোট=১,৪১,৫০৩/-) | =১,৪১,৫০৩/- |
| ০৭ | এপ্রিল-জুন/২০২৪ পর্যন্ত ৩ মাসের জোড়াবাড়ির ভাড়া প্রদান। | =১২,০০০/- |

সভায় বিস্তারিত আলোচনান্তে উপস্থাপিত ব্যয়গুলো অনুমোদন দেয়া হয়।

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ৩৭<br>কাটলা ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, কাটলা ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় অনুপস্থিত থাকায় উক্ত দপ্তর সম্পর্কিত কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান কাটলা ইউনিয়ন পরিষদ বিরামপুর |
| আলোচনাঃ ৩৮<br>খানপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, খানপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় অনুপস্থিত থাকায় উক্ত দপ্তর সম্পর্কিত কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, খানপুর ইউনিয়ন পরিষদ বিরামপুর বিরামপুর। |
| আলোচনাঃ ৩৯<br>দিওড় ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, দিওড় ইউনিয়ন পরিষদ, বিরামপুর সভায় সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তবে জন্ম নিবন্ধন নিয়ে সমস্যা হচ্ছে। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, দিওড় ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৪০<br>বিনাইল ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, বিনাইল ইউনিয়ন পরিষদ, বিরামপুর অনুপস্থিত থাকায় উক্ত দপ্তর সম্পর্কিত কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান, বিনাইল ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৪১<br>জোতবানী ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, জোতবানী ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। TCB'র কার্ডের মেয়াদ শেষ হয়েছে। কার্ডধারী যারা মৃত্যুবরণ করেছেন তাদের বিষয়ে কোন নির্দেশনা নেই। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর জানান যে, তার ওয়ারীশ পাবেন। তিনি আরও জানান যে, জন্ম নিবন্ধন নিয়ে এখানেও সমস্যা হচ্ছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান জোতবানী ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৪২<br>পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর অনুপস্থিত থাকায় উক্ত দপ্তর সম্পর্কিত কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৪৩<br>সংরক্ষিত সদস্য | সংরক্ষিত আসনের ৩ জন সদস্যই অনুপস্থিত রয়েছেন। | ১. সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | ১. সংরক্ষিত আসনের সদস্যবৃন্দ। |
| আলোচনাঃ ৪৪<br>মেয়র, বিরামপুর পৌরসভা | মেয়র, বিরামপুর পৌরসভা, বিরামপুর সভায় বলেন যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. মেয়র, বিরামপুর পৌরসভা, দিনাজপুর। |
| আলোচনাঃ ৪৫<br>ভাইস-চেয়ারম্যান (মহিলা) উপজেলা পরিষদ | উম্মে কুলসুম বানু, ভাইস-চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, বিরামপুর সভায় উল্লেখ করেন যে, উপজেলা স্থায়ী কমিটির সভার করার জন্য সদ্য বিদায়ী উপজেলা চেয়ারম্যান বার বার অনুরোধ করা সত্বেও কোন কাজ হচ্ছে না। মাত্র কয়েকটি দপ্তর ছাড়া বাকী দপ্তরগুলো নিয়মিত সভা করছেন না। তিনি নিজেও ব্যক্তিগতভাবে যোগাযোগ করেছেন। তাদের প্রশ্ন এ মিটিং করে কি লাভ? উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে কি কি প্রয়োজনীয়তা রয়েছে তা যদি এ সভায় সিদ্ধান্ত নিয়ে উপজেলা পরিষদের সভায় উপস্থাপন করা হতো তাহলে প্রকল্প নিতে সুবিধা হতো।<br>এ প্রসঙ্গে উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর বলেন যে, উপজেলা স্থায়ী কমিটির সভা কার কয়টি হয়েছে/হয়নি তা উল্লেখ করে পত্র দেয়া হলো। উক্ত পত্রের আলোকে দ্রুত সভার কার্যবিবরণী, হাজিরা ও নোটিশ জমা দেয়ার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করেন। | ১. উপজেলা স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী, হাজিরা ও নোটিশ জমা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| আলোচনাঃ ৪৬<br>ভাইস-চেয়ারম্যান উপজেলা পরিষদ | জনাব মোঃ আতাউর রহমান, ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর উপজেলা স্থায়ী কমিটি গঠনের অনুরোধ জানান। | | |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ৩১<br>পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন | জনাব মোঃ আমিনুর রহমান উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর হিসেবে ১৮.০৭.২০২৪ তারিখে এ উপজেলায় যোগদান করেছেন। তিনি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। সরকারি ও সাধারণ ছুটি থাকায় সবার সাথে পরিচিত হওয়ার সুযোগ হয়নি। তিনি জানান তার চাকুরীকাল ৩০ বছর। নিজ উপজেলা হাকিমপুর। তিনি পার্বতীপুর উপজেলা থেকে এসেছেন। তিনি সকলের সহযোগীতা কামনা করেন। | ১. স্বাগত জানানো হয়।<br>২. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ৩২<br>তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) | তিনি তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ২৩-২৪ অর্থ বছরে ২৪টি উঠান বৈঠক সম্পন্ন করেছেন। ২৪-২৫ অর্থ বছরে বরাদ্দ পাওয়া যায়নি। বরাদ্দ এলে আবারও শুরু করবেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | তথ্যসেবা কর্মকর্তা তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়), বিরামপুর। |
| আলোচনাঃ ৩৩<br>Upazila Governance and Development Project (UGDP) | Upazila Development Facilitator (UDF), বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>২. উপজেলার পঞ্চবার্ষিকী পরিকল্পনা প্রস্তুত করার জন্য পরিষদে একটি কমিটি গঠনের প্রস্তাব করা হয়।<br>৩. উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প থেকে উপজেলাতে প্রকল্প দেয়ার পুর্বে ঐ উপজেলার মুল্যায়ন অনলাইনে যাচাই করা হয়ে থাকে। এক্ষেত্রে উপজেলার পরিষদের ওয়েব পোর্টালে অন্যান্য তথ্যের সাথে যে তথ্যগুলো অবশ্যই হালনাগাদ থাকতে হবে তা হলোঃ<br>১) চলতি অর্থ বছরের উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী।<br>২) চলতি অর্থ বছরের ১৭ টি উপজেলা কমিটির সংশ্লিষ্ট সভার কার্যবিবরণী।<br>৩) চলতি অর্থ বছরের অর্থ বছরের বার্ষিক অনুমোদিত বাজেট।<br>৪) চলতি অর্থ বছরের অর্থ বছরের বার্ষিক উন্নয়ন পরিকল্পনা।<br>৫) পঞ্চবার্ষিকী পরিকল্পনা।<br>৬) সম্পদ রেজিস্টার (স্থাবর ও অস্থাবর)।<br>৭) বিগত অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর (ADP) প্রতিবেদন।<br>৮) গত অর্থ বছরের বার্ষিক আয় ব্যয় বিবরণী।<br>৯) সিটিজেন চার্টার।<br>১০) তথ্য প্রদানকারী কর্মকর্তা।<br>উপজেলা পরিষদের গঠনতন্ত্র অনুসারে উপজেলার ১৭টি কমিটির দ্বিমাসিক সভার বাধ্যবাধকতা রয়েছে। তাই নিয়মিতভাবে পরিষদের ১৭টি উপজেলা কমিটির সভা করে সভার নোটিশ, হাজিরা ও রেজুলেশন নিয়মিতভাবে উপজেলা পরিষদের ওয়েব পোর্টালে আপলোড করতে হবে। কোন কমিটির সভা কোন মাসে হবে সেট নিশ্চিত করার জন্য একটি সিডিউল করার প্রস্তাব করা হয়। উল্লেখ্য উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের মনিটরিং ইউনিট থেকে এটির যাচাই কার্যক্রম চলমান আছে। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করেন।<br>৩. উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সভা করা এবং নোটিশ, হাজিরা ও কার্যবিবরণী ওয়েব পোর্টালে দেয়ার সিদ্ধান্ত পুনরায় গৃহীত হয়। | ১. UDF, বিরামপুর<br>২. স্ব স্ব দপ্তর প্রধান বিরামপুর, দিনাজপুর।<br>৩. সভাপতি ও সদস্য-সচিব, উপজেলা পরিষদের স্থায়ী কমিটি। |
| আলোচনাঃ ৩৪<br>খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বিরামপুর সভায় অনুপস্থিত থাকায় উক্ত দপ্তর সম্পর্কিত কোন তথ্য পাওয়া গেল না। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বিরামপুর |
| আলোচনাঃ ৩৫<br>ইসলামিক ফাউন্ডেশন | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, ৫ ও ৮ আগস্ট দোয়া হবে। ১৫ আগস্ট সম্পর্কে কোন নির্দেশনা এখনও পাওয়া যায়নি। নির্দেশনা পেলে সে অনুযায়ী ব্যবস্থা নিবেন। তিনি আরও জানান যে, মডেল মসজিদ উদ্বোধন হয়েছে প্রায় এক বছর হলো। এখনও অফিস স্থানান্তর করা যাচ্ছে না। এ বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য তিনি অনুরোধ করেন। | দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, |
| আলোচনাঃ ৩৬<br>মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুরের প্রতিনিধি হিসেবে প্যানেল চেয়ারম্যান সভায় জানান যে, জন্ম নিবন্ধন নিয়ে সমস্যা হচ্ছে। সার্ভার সমস্যার কারণে জন্ম নিবন্ধন করতে পারছে না। একজন ইউপি সচিবকে ২টি ইউপিতে দায়িত্ব প্রদান করায় জন্ম নিবন্ধন করা যাচ্ছে না। তিনি সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বিরামপুর দিনাজপুরের সহযোগিতা কামনা করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান, মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ২২ উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম ভালভাবে চলছে। তিনি আরও জানান যে, ৪ মাসের ইনজেকশন পাওয়া গেছে কিন্তু পিল পাওয়া যাচ্ছে না। SMC থেকে ইনজেকশন দেয়া হয়। সরবরাহ না থাকায় বাহিরে ৩০/- টাকার ইনজেকশন ১৫০/ টাকা নিচ্ছে। জনবল খুব কম। ০৭ জন ভিজিটরের স্থলে মাত্র ১ জন দিয়ে কাজ করতে হচ্ছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বিরামপুর। |
| আলোচনাঃ ২৩ জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর | অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম ভালভাবে চলছে। মূল দায়িত্বে আছেন ফুলবাড়ি উপজেলায়। তিনি সকলের সহযোগিতা কামনা করে উপজেলা স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী, নোটিশ ও হাজিরা খুব শীঘ্রই দাখিল করা হবে মর্মে জানান। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর, বিরামপুর। |
| আলোচনাঃ ২৪ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ শাখা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বিরামপুর দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম ভালভাবে চলছে। দুর্যোগ ব্যবস্থাপনা দপ্তরের সার্ভার ক্ষতিগ্রস্থ হয়েছে। বর্তমান পরিস্থিতিতে কাজ শুরু করতে সময় লাগবে। ২০২৩-২০২৪ অর্থ বছরের কাজ শেষ হয়েছে। প্রতিবেদন প্রেরণের কাজ চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বিরামপুর। |
| আলোচনাঃ ২৫ উপজেলা পরিসংখ্যান দপ্তর | উপজেলা পরিসংখ্যান তদন্তকারী, বিরামপুর, দিনাজপুর সভায় অনুপস্থিত থাকায় কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২৬ উপজেলা সমবায় দপ্তর | উপজেলা সমবায় কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে রয়েছে। তিনি আরও জানান যে, সমবায় সমিতিগুলোর অডিট কার্যক্রমসহ রাজস্ব আদায় কার্যক্রম চলছে। আশ্রয়ন প্রকল্পের আওতায় একক গৃহে বসবাসকারীগণের সমবায় সমিতি গঠনে আগ্রহ নাই ফলে সমবায় সমিতি গঠন করা সম্ভব হচ্ছে না। তবে চেষ্টা অব্যাহত রয়েছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা সমবায় কর্মকর্তা,বিরামপুর দিনাজপুর। |
| আলোচনাঃ ২৭ বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে রয়েছে। বিনাইল ও জোতবানী ইউনিয়নে ৫০ হাজার গাছ লাগানোর পরিকল্পনা রয়েছে তবে খরার কারণে এখনও শুরুকরা হয়নি। বিরামপুর উপজেলা অবৈধ দখলে থাকা ৫০ একর জমি উদ্ধার করতে হবে। তবে স্থানীয়দের সহায়তায় ১৫/১৬ একর জমি ইতোমধ্যে উদ্ধার করা হয়েছে। অনেকেই যেতে চাচ্ছে না। গভীর নলকূপের তদন্ত প্রতিবেদন দাখিল করেছেন। এটি বন বিভাগের জমি। বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করে তাদেরকে উচ্ছেদ করার ব্যবস্থা গ্রহণের জন্য তিনি সভায় মাধ্যমে অনুরোধ করেন। ধূর্ত প্রকৃতির লোক মোঃ হাবিবুর রহমান বন দখল করে নিয়েছেন। এটি খানপুর ইউনিয়নের প্রান্নাথপুর গ্রামের ঘটনা।গাছ লাগিয়ে উপকারভোগী হিসেবে তাকেই দেয়া হবে মর্মে তিনি সভায় উল্লেখ করেন। বাড়িঘর নির্মাণ ছাড়া যেগুলো জমি মানুষের দখলে আছে সে জমিগুলো উদ্ধারের উদ্যোগ গ্রহণের জন্য তিনি অনুরোধ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা বন কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২৮ উপজেলা নির্বাচন দপ্তর | উপজেলা নির্বাচন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। স্মার্টকার্ড বিতরণ কার্যক্রম এবং নতুন ভোটার হওয়ার কার্যক্রম চলমান রয়েছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা নির্বাচন কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২৯ উপজেলা রিসোর্স সেন্টার | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ২৩-২৪ অর্থ বছরে ৯টি প্রশিক্ষণ শেষ করেছেন। ৫টি বিদ্যালয় পরিদর্শন করে পরিদর্শন প্রতিবেদন পাঠিয়েছেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার |
| আলোচনাঃ ৩০ পল্লী সঞ্চয় ব্যাংক বিরামপুর শাখা | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বিরামপুর শাখা, দিনাজপুর সভায় অনুপস্থিত থাকায় কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বিরামপুর শাখা। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ১৫ উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তর | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। চলমান অবস্থার কারণে সরকারি সিদ্ধান্তে বর্তমানে পাঠদান বন্ধ রয়েছে। উপজেলা স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী, নোটিশ ও হাজিরা খুব শীঘ্রই দাখিল করা হবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বিরামপুর। |
| আলোচনাঃ ১৬ উপজেলা সমাজসেবা দপ্তর | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, ২টি উপজেলা স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী, নোটিশ ও হাজিরা খুব শীঘ্রই দাখিল করা হবে। ভাতাভোগীদের লাইফ ভেরিফিকেশন চলছে। ইউনিয়ন সমাজকর্মী ও ইউনিয়ন চেয়ারম্যানগণের মাধ্যমে এটি করা হবে। আগস্ট মাস থেকে নতুন আবেদন করা শুরু হবে। নিজের মোবাইল নম্বর দিয়ে আবেদন করতে হবে এবং আবেদনের একটি প্রিন্ট কপি বেড় করে নিতে হবে সেইসাথে **OTP কাউকে দেয়া যাবে না** মর্মে ব্যাপক প্রচারের ব্যবস্থা করতে হবে। সার্ভার ২ সপ্তাহ বন্ধ থাকার ফলে তথ্য যাচাই করা সম্ভব হচ্ছে না। ইউনিয়ন পরিষদ এবং পৌরসভায় ইউনিয়ন সমাজকর্মীদের বসার ব্যবস্থা করে দেয়ার জন্য তিনি সভার মাধ্যমে অনুরোধ করেন। পৌরসভার জন্য এবার বরাদ্দ বেশী এসেছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ১৯ উপজেলা হিসাবরক্ষণ দপ্তর | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর বা কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় উক্ত দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ১৭ উপজেলা পল্লী উন্নয়ন দপ্তর | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। উপজেলা স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী, নোটিশ ও হাজিরা খুব শীঘ্রই দাখিল করা হবে মর্মে জানান। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ১৮ উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর জানান দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। জুলাই ২০২৪ মাসের VWB চালের বরাদ্দ আসেনি। জুলাই ও আগস্ট ২০২৪ দুই মাসের বরাদ্দ একসাথে দেয়া হবে মর্মে তিনি সভায় উল্লেখ করেন। সার্ভার খোলা থাকলে আবেদন করার জন্য তিনি অনুরোধ করেন। হিসাব নম্বর ভুল থাকলে মা ও শিশু সহায়তা কর্মসূচির টাকা আসবে না। সেকারণে নির্ভুল হিসাব নম্বর দিতে হবে। এ বিষয়ে তিনি সতর্ক করে দেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ২০ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বিরামপুর দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সকল দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ রাখার জন্য অনুরোধ করেন। সেইসাথে পাসওয়ার্ড শক্ত করার অনুরোধ জানান। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১.সহকারী প্রোগ্রামার তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বিরামপুর।<br>২. স্ব স্ব দপ্তর প্রধান। |
| আলোচনাঃ ২১ উপজেলা যুব উন্নয়ন দপ্তর | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, শহীদ ক্যাপ্টেন শেখ কামালের ৭৫তম জন্মদিন উপলক্ষ্যে ০৫ আগস্ট ২০২৪ তারিখে প্রশিক্ষণ গ্রহণ করেছেন এমন যুবদের এবং যুব ক্লাবগুলোর মাঝে চারাগাছ বিতরণ করা হবে। ১৫ আগস্ট ২০২৪ তারিখ জাতীর পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৯তম শাহাদাত বার্ষিকীতে যুবদের মাঝে ঋণের চেক বিতরণ করা হবে। তিনি আরও জানান যে, ২০২৪-২০২৫ অর্থবছরে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কোর্সে ১৪টি ব্যাচে৪২০ জনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা রয়েছে। লক্ষ্যমাত্রা মোতাবেক বরাদ্দ পেলে প্রশিক্ষণ শুরু করা হবে মর্মে তিনি জানান। এছাড়াও দিনাজপুর জেলা প্রশিক্ষণ কেন্দ্রে তিন মাস মেয়াদি ৪ জন বেকার যুব প্রশিক্ষণ গ্রহণ করছে। পরিবারভিত্তিক কর্মসংস্থান কর্মসূচী থেকে সর্বমোট =৩৭,৬০,০০০/-টাকা ক্ষুদ্রঋণ বিতরণ করা হয়েছে। আদায়যোগ্য টাকার পরিমান সর্বমোট =২৯,৭৪,৮০০/-টাকা। আদায়কৃত টাকার পরিমান মোট =২৮,৩৪,৫৬০/- টাকা এবং আদায় হার শতকরা ৯৫%।<br>আত্মকর্মসংস্থান কর্মসূচীর ক্রমপুঞ্জিভূত ঋণ বিতরণ করা হয়েছে =৩,১১,৭৬,৬০০/-টাকা। আদায়যোগ্য টাকার পরিমান সর্বমোট =২,৭৭,০০,৫০০/-টাকা। আদায়কৃত টাকার পরিমান মোট =২,৫৩,৮১,০২১/- টাকা এবং আদায়ের হার শতকরা ৯২%। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা যুব উন্নয়ন অফিসার, বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ১০<br>উপজেলা প্রকৌশল দপ্তর | রাস্তাটি LGED এর ID থেকে টেন্ডার করা হয়েছিল। কিন্তু কাজটি হয়নি। এ কাজটি করতে পৌরসভা কর্তৃক NOC লাগবে মর্মে জানানো হলে মেয়র, বিরামপুর পৌরসভা NOC দিতে সম্মত হন। হাবিবপুর রাস্তাটি খোরাখুরি করা হয়েছে কিন্তু কাজ হয়নি। এটিও দেখার জন্য মেয়র, বিরামপুর পৌরসভা উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করেন। | | |
| আলোচনাঃ ১১<br>বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন BADC (সেচ) | উপ-সহকারী প্রকৌশলী, BADC (সেচ), বিরামপুর, দিনাজপুর সভায় অনুপস্থিত থাকায় উক্ত দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | ১.২ উপ-সহকারী প্রকৌশলী BADC(সেচ) বিরামপুর। |
| আলোচনাঃ ১২<br>বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (BMDA), বিরামপুর জোন | সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (BMDA), বিরামপুর সভায় জানান যে, বিএমডিএ দাপ্তরিক কাজ সঠিকভাবে পরিচালিত হচ্ছে। তিনি আরও বলেন যে, ৬০% রোপা ধান রোপন করা হয়েছে। BMDA এর আওতায় যে জমিগুলো আছে সেগুলোতে সেচ দেয়া হবে। তবে আমন মৌসুমে ড্রেন না থাকায় পানি দিতে সমস্যা হয়। তিনি সভায় উল্লেখ করেন যে, নতুন সংযোগ চেয়ে যে আবেদনগুলো এসেছে তিনি তদন্ত করছেন। এতে দেখা যায় নতুন আবেদনের ক্ষেত্রে পরিপত্র মোতাবেক যথেষ্ট দূরত্ব রাখা হচ্ছে না। নতুন লাইসেন্স না দেয়ার জন্য তিনি প্রস্তাব করেন। পুরাতন লাইসেন্স নবায়নের তদন্ত প্রতিবেদন শীঘ্রই দিবেন। অনেকগুলো তদন্ত প্রতিবেদন পেন্ডিং রয়েছে। এ পর্যায়ে চেয়ারম্যান, উপজেলা পরিষদ পেন্ডিং বেশী থাকায় এ সংশ্লিষ্ট অন্য কর্মকর্তাদের তদন্ত করে প্রতিবেদন দেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. দ্রুত তদন্ত প্রতিবেদন দাখিল করা জন্য অনুরোধ করা হয়। | ১. সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (BMDA), বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ১৩<br>বিরামপুর থানা | অফিসার ইনচার্জ, বিরামপুর থানা, দিনাজপুর বা কোন প্রতিনিধি উপস্থিত না থাকায় উক্ত দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেলনা। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. অফিসার ইনচার্জ বিরামপুর থানা |
| আলোচনাঃ ১৪<br>উপজেলা শিক্ষা দপ্তর | উপজেলা শিক্ষা অফিসার, বিরামপুর দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। নিয়মিতভাবে বিদ্যালয় পরিদর্শন করা হচ্ছে। তিনি আরও জানান যে, বিরামপুর রেল কলোনী সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বিদ্যুৎ সংযোগ প্রদানের জন্য ২টি বিদ্যুতের খুঁটি প্রয়োজন। দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সাথে এ বিষয়ে যোগাযোগ করা হলে জানানো হয় যে, ১টি খুঁটি তারা দিবেন এবং স্কুল কর্তৃপক্ষকে ১টি খুঁটি ক্রয় করতে হবে। এতে ব্যয় হবে ২৮,০০০/-(আটাশহাজার) টাকা। কিন্তু উক্ত খাতে কোন বরাদ্দ না থাকায় স্কুল কর্তৃপক্ষকে টাকা দিতে পারছেন না। তিনি আরও জানান যে, জগদিশপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়সহ ৭টি স্কুলে ঠিকাদার কর্তৃক মালামাল না সরানোর কারণে শ্রেণি পাঠদান ব্যাহত হচ্ছে। এ প্রসঙ্গে উপজেলা প্রকৌশলী, বিরামপুর বলেন যে, জনাব জয়ন্ত কুমার, ঠিকাদার একই সাথে ৬টি বিদ্যালয়ের কাজ পাওয়ায় কাজ করতে পারছে না। বর্ণিত ঠিকাদার জোতবানী সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ১ আগস্ট ২০২৪ বৃহস্পতিবার থেকে কাজ শুরু করবেন। সময় শেষ হওয়ায় তারা সময়ের আবেদন করেছেন। সেকারণে কাজটি করতে সময় লাগছে। কাজ শেষ করার জন্য নির্দিষ্ট সময় বেঁধে দেয়া হয়েছে।<br>মেয়র, বিরামপুর পৌরসভা বিচকিনি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সীমানা প্রাচীর দেয়ার জন্য অনুরোধ করলে উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, বিচকিনি সরকারি প্রাথমিক বিদ্যালয়সহ সীমানা প্রাচীরের চাহিদা এখন ধাপে ধাপে আসছে।<br>বিদ্যুতের সংযোগ দেয়ার বিষয়ে দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর প্রতিনিধি সভায় জানান যে, পূর্বে ২টি খুঁটি দেয়ার সিদ্ধান্ত ছিল বর্তমানে ১টি দেয়ার সিদ্ধান্ত রয়েছে। সে কারণে তারা ২টি খুঁটি দিতে পারছেন না। তিনি স্থানীয়ভাবে অর্থ সংগ্রহ করে অথবা প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করে বরাদ্দ আনার পরামর্শ দেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা শিক্ষা অফিসার, বিরামপুর। |

**বিভাগীয় আলোচনা**

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনা ০৫ উপজেলা কৃষি দপ্তর | জনাব কমল কৃষ্ণ রায় উপজেলা কৃষি কর্মকর্তা, বিরামপুর দিনাজপুর হিসেবে ০৪ জুলাই ২০২৪ তারিখে যোগদান করেছেন। তিনি আরও জানান যে, দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। ৬৫% রোপা রোপন করা হয়েছে। পর্যাপ্ত সার রয়েছে। কোন সমস্যা হলে জানালে তিনি সমস্যা নিরসনে পদক্ষেপ নিবেন। তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | ১. স্বাগত জানানো হয়।<br>২. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ২. উপজেলা কৃষি কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ৬ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। হাসপাতালের বিভিন্ন বিভাগের কাজ যথানিয়মে চলছে। তিনি আরও জানান যে, লোডশেডিং এর কারণে রোগীরা খুব কষ্ট পাচ্ছে। IPS শুধুমাত্র মহিলা ওয়ার্ডে আছে। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ৭ উপজেলা প্রাণিসম্পদ দপ্তর | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, ক্ষুদ্র নৃ-তাত্ত্বিক জনগোষ্ঠীর মাঝে ছাগল ও ক্রস বকনা বাছুর বিতরণের কথা ছিল কিন্তু এখনও বরাদ্দ পাওয়া যায় নাই।বরাদ্দ পেলে ব্যবস্থা গ্রহণ করবেন। গত এক মাসে ২০৮৪টি গবাদি প্রাণির এবং ৯৭৫৯টি হাঁস-মুরগীর চিকিৎসা প্রদান করা হয়েছে। এ মাসে খামারীদের কোন প্রশিক্ষণ প্রদান করা হয়নি । কৃত্রিম প্রজনন ৪০০ মাত্রা এবং শংকর জাতের বাচ্চা উৎপাদন হয়েছে ১৭২টি। গবাদি প্রাণির টিকা প্রদান করা হয়েছে ১৩৬৪ মাত্রা, হাঁস-মুরগীর টিকা প্রদান ৫০০০ মাত্রা। এ মাসে ফ্রি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প হয়েছে ১টি। ৪টি উঠান বৈঠকের আয়োজন করা হয়েছে। এ মাসে কোন মোবাইল কোর্ট পরিচালিত হয়নি। তবে জুলাই ২৪ মাসে একসাথে ৩ মাসের টিকা সরবরাহ করা হয়েছেঃ (১) তড়কা-২০০০ মাত্রা, (২) বাদলা-৬০০ মাত্রা, (৩) গলাফুলা-৭০০ মাত্রা, (৪) বিসিআরডিবি-৪০০০০ মাত্রা, (৫) আরডিবি-২০০০০ মাত্রা, (৬) ফাউল পক্স-১০০০০ মাত্রা, (৭) পাউল কলেরা-৫০০০ মাত্রা, (৮) গট পক্স-০ মাত্রা, (৯) গামবোরো-২০০০০মাত্রা, (১০) ডাকপ্লেগ-১৫০০০, (১১) ক্ষুরা-১২৮ মাত্রা এবং ছাগ বসন্ত-২০০ মাত্রা। সর্বমোট=১১৩৬২৮ মাত্রা। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ৮ উপজেলা মৎস্য দপ্তর | উপজেলা মৎস্য কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর ফুলবাড়ি উপজেলায় অতিরিক্ত দায়িত্ব পালন এবং মৎস্য সপ্তাহ পালনে ব্যস্ত থাকায় সভায় উপস্থিত হতে পারেননি তবে জানিয়েছেন যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা মৎস্য কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ৯ দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ | জেনারেল ম্যানেজার দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বিদ্যুৎ না থাকলে রোগীদের কষ্ট হয় এ বক্তব্যের সাথে সহমত পোষন করে তিনি বলেন যে, বিদ্যুৎ পরিস্থিতি বেশ নাজুক। বিদ্যুৎ ব্যবহারে সচেতন হতে হবে। তাহলে বিদ্যুৎ সাশ্রয় হবে মর্মে আশা প্রকাশ করেন। এখন প্রচন্ড গরম পড়েছে ফলে বিদ্যুতের চাহিদাও বেড়েছে। সম্পূরক সেচের জন্য ১২০ জন গভীর/অগভীর নলকূপের মালিক বিদ্যুৎ সংযোগ দেয়ার জন্য আবেদন করেছেন। পূর্বে ৩ মেঃওয়াট বিদ্যুতের চাহিদা ছিল এখন ৫ মেঃওয়াট প্রয়োজন হচ্ছে। বেশী লোডের কারণে তার ছিঁড়ে যাচ্ছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. জেনারেল ম্যানেজার দিপবিস-২ বিরামপুর। |
| আলোচনাঃ ১০ উপজেলা প্রকৌশল দপ্তর | উপজেলা প্রকৌশলী, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর (ADP) গৃহীত প্রকল্পের কাজ মাঠ পর্যায়ে চলমান রয়েছে। বৃষ্টির কারণে কাজ করা সম্ভব হয়নি। আগামী ২ মাসের মধ্যে কাজ শেষ হবে মর্মে তিনি সভায় উল্লেখ করেন। তিনি বাউন্ডারীওয়াল ও অন্যান্য কাজের জন্য বরাদ্দ আনার বিষয়ে পরামর্শ প্রদানের জন্য সভায় অনুরোধ করেন। প্রকল্প বছরের শুরুতে গ্রহণ করা হলে টেন্ডার করার জন্য সময় পাওয়া যাবে। সে প্রেক্ষিতে তিনি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে প্রকল্প দাখিল করার জন্য অনুরোধ করেন।<br>এ পর্যায়ে মেয়র, বিরামপুর পৌরসভা উপজেলা প্রকৌশলী, বিরামপুরের দৃষ্টি আকর্ষণ করে বলেন যে, দোশরা পলাশবাড়ি থেকে বিরামপুর রেলগেট পর্যন্ত | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১-২. উপজেলা প্রকৌশলী বিরামপুর, দিনাজপুর। |